

নম্বর- ২৩.০৯.২৬৮০.১৭২.১৬.০০২.২৫. ২০৭১
বিষয়: মে-জুলাই ২০২৬ খ্রি: এর আবহাওয়ার পূর্বাভাস।

তারিখ: ২০ বৈশাখ ১৪৩৩
০৬ মে ২০২৬

১. মে ২০২৫-এপ্রিল ২০২৬ মাসে Southern Oscillation Index (SOI) এর মান ছিল যথাক্রমে +২.১, +১.৮, +৬.৮, +২.১, +০.২, +১০.৯, +১২.৫, +০.১, +৯.৯, + ১১.০, +৮.৯ ও -১১.২ (Bureau of Meteorology, Australia)।

২. এপ্রিল ২০২৬ মাসে সারাদেশে স্বাভাবিক অপেক্ষা বেশি (+৭৫.৭%) বৃষ্টিপাত রেকর্ড করা হয়। রাজশাহী বিভাগে স্বাভাবিক বৃষ্টিপাত এবং বাকী বিভাগসমূহে স্বাভাবিক অপেক্ষা বেশি বৃষ্টিপাত রেকর্ড করা হয়। পশ্চিমা লঘুচাপের সাথে পূর্ববালী বায়ুপ্রবাহের সংযোগ ঘটায় ৬-৯ ও ২৬-৩০ এপ্রিল ২০২৬ সময়ে দেশের অধিকাংশ স্থানে মাঝারী ধরণের ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাত এবং মাসের অধিকাংশ দিন দেশের অনেক স্থানে হালকা থেকে মাঝারি ধরণের ভারী বৃষ্টিপাত রেকর্ড করা হয়। সেই সাথে বজ্রপাত ও বিক্ষিপ্তভাবে শিলাবৃষ্টিসহ দমকা ও ঝড়ো হাওয়া বয়ে যায়। এ সময় সর্বোচ্চ বৃষ্টিপাত ১৬০ মি.মি. কিশোরগঞ্জ জেলার নিকলিতে রেকর্ড (২৮ এপ্রিল ২০২৬) করা হয়। ভারতের পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন বাংলাদেশের পশ্চিমাঞ্চলীয় এলাকায় তাপীয় লঘুচাপ অবস্থান করায় দেশের অনেক অঞ্চলের উপর দিয়ে ০১-০৪, ১২-১৫, ১৭-১৯ ও ২০-২৬ এপ্রিল ২০২৬ পর্যন্ত মৃদু থেকে মাঝারি ধরণের তাপপ্রবাহ বয়ে যায়। এপ্রিল মাসে দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৪০°সে. (রাজশাহী, ২২ এপ্রিল ২০২৬) এবং সর্বনিম্ন তাপমাত্রা ১৬.০°সে. (রাঙ্গামাটি ১০ এপ্রিল ২০২৬) রেকর্ড করা হয়। এ মাসে দেশের সর্বোচ্চ ও গড় তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা যথাক্রমে ০.৬°সে. ও ০.১°সে. কম এবং সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা যথাক্রমে ০.৪°সে. বেশি ছিল। তাপমাত্রা, তাপপ্রবাহ, কালবৈশাখি/বজ্রঝড়, কৃষি আবহাওয়া এবং দেশের নদ-নদীর অবস্থা এপ্রিল ২০২৬ মাসের পূর্বাভাসের সাথে সংগতিপূর্ণ ছিল।

৩. প্রাপ্ত আবহাওয়া উপাত্ত, উদ্ভাকাশের আবহাওয়া বিন্যাস, বায়ুমন্ডলের বিভিন্ন স্তরের বিশ্লেষিত আবহাওয়া মানচিত্র, জলবায়ু মডেল, Climate Predictability Tool (CPT), ECMWF, JMA, APCC-Korea, RIMES, C3S এবং বিশ্ব আবহাওয়া সংস্থা অনুমোদিত Global Producing Centre (GPCs) থেকে প্রাপ্ত NWP মডেল পূর্বাভাস, SOI (এল-নিনো/লা-নিনা'র অবস্থা) ইত্যাদির যথাযথ বিশ্লেষণপূর্বক মে-জুলাই ২০২৬ খ্রি: এর পূর্বাভাস নিম্নে প্রদত্ত হলো:

বিভাগ	মে ২০২৬ খ্রিঃ		জুন ২০২৬ খ্রিঃ		জুলাই ২০২৬ খ্রিঃ		মে ২০২৬ মাসে মাটির আর্দ্রতা (%)
	স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:)	পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:)	স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:)	পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:)	স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:)	পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:)	
ঢাকা	২৬১	২৫০-২৭০	৩৩৫	৩৪০-৩৬০	৩৭১	৩৬০-৩৮০	১৮-২৮
ময়মনসিংহ	৩৫০	৩৪০-৩৬০	৪৪৭	৪৪০-৪৬০	৪৩৭	৪২০-৪৫০	২০-৩০
চট্টগ্রাম	৩৪১	৩৩০-৩৫০	৬১৩	৬০০-৬৩০	৬৯৪	৬৮০-৭০০	১৮-২৮
সিলেট	৫২৯	৫২০-৫৪০	৬১৯	৬২০-৬৪০	৫৩৬	৫৩০-৫৫০	২২-৩২
রাজশাহী	১৮৫	১৭০-১৯০	২৮১	২৭০-৩০০	৩১১	৩০০-৩৩০	১৩-২৩
রংপুর	২৬৮	২৬০-২৮০	৪১৮	৪১০-৪৩০	৪০৯	৪০০-৪২০	১৫-২৫
খুলনা	১৭৬	১৬০-১৮০	২৯৬	২৭০-৩০০	৩৬২	৩৫০-৩৭০	১৩-২৩
বরিশাল	২৩৫	২২০-২৫০	৪৬৫	৪৫০-৪৭০	৫৩৫	৫২০-৫৫০	১৫-২৫

১. বৃষ্টিপাত: সামগ্রিকভাবে দেশে স্বাভাবিক অপেক্ষা কম বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।
২. ঘূর্ণিঝড়: বঙ্গোপসাগরে ৩-৪ লঘুচাপ সৃষ্টি হতে পারে যার মধ্যে ১-২ নিম্নচাপ/ঘূর্ণিঝড়ে পরিণত হতে পারে।
৩. মৌসুমী বায়ু: জুন মাসের প্রথমার্ধে সারাদেশে দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু (বর্ষাকাল) বিস্তার লাভ করতে পারে।
৪. কালবৈশাখি/বজ্রঝড়: দেশে বিক্ষিপ্তভাবে শিলাসহ ৮-১০ দিন হালকা/মাঝারি যার মধ্যে ২-৩ দিন তীব্র কালবৈশাখি ঝড়সহ বৃষ্টি /বজ্রসহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।
৫. তাপমাত্রা: দিন ও রাতের তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা বেশি থাকতে পারে।
৬. তাপপ্রবাহ: দেশে ৫-৭ টি মৃদু (৩৬-৩৭.৯°সে.)/ মাঝারি (৩৮-৩৯.৯°সে.) যার মধ্যে ১-২ টি তীব্র (৪০-৪১.৯°সে.) তাপ প্রবাহ বয়ে যেতে পারে।

০৬/০৫/২৬

(মোঃ মমিনুল ইসলাম)
পরিচালক (চলত দায়িত্ব)
ও
চেয়ারম্যান, বিশেষজ্ঞ কমিটি

মাননীয় মন্ত্রী
কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
ইমেইল: minister@moa.gov.bd